


একজন মেঘপালক রাজা ঈশ্বরের উদ্দেশ্যে গান গেয়েছিলেন

এমন কার্যধারা বেছে নিন যা ছোটদের বয়স এবং প্রয়োজনের সাথে মানানসই হয়।

প্রার্থনা : “প্রিয় প্রভু, শাস্ত্রের কাব্যগুলির সৌন্দর্যকে প্রশংসা করতে এবং তৎসঙ্গে দায়ুদের মেঘপালকের গীতের সাথে স্বচ্ছন্দ হতে ছোটদের সাহায্য কর।”

শিক্ষক অথবা একজন বড় শিশুকে মেঘপালকের গীত (গীতসংহিতা ২৩) পড়তে অথবা আবৃত্তি করতে দিন। আমাদের প্রতি ঈশ্বরের সুন্দর ভাবে যত্ন নেওয়ার জন্য যেমন দায়ুদ করেছিলেন। তেমনি আমরাও কিরূপে আমাদের উত্তম মেঘপালক যীশুর প্রশংসা করতে পারি তা এটা বর্ণনা করে।



প্রশ্নাবলী : প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল।

- ঈশ্বর যখন আমাদের যত্ন নেন, তখন কি আমাদের কিছুর অভাব ঘটে? (১ পদ দেখুন)
- কিরূপে জয়গায় তিনি আমাদের পরিচালিত করেন? (২ পদ)
- কেন তিনি আমাদেরকে ধার্মিকতার পথে গমন করান? (৩ পদ)
- আমাদেরকে কি মৃত্যু ভয় করা উচিত? (৪ পদ দেখুন)
- অনন্তকাল ধরে আমরা কোথায় বাস করব? (৬ পদ দেখুন)

মেঘপালকের গীতটি গাও। এই গীতটির গান যদি জানা থাকে তবে তা করুন অথবা এই গীতটি নিয়ে ছোটরা যদি অন্য কোনও সুরে গান জেনে থাকে অথবা সুর দিয়ে থাকে তবে তাতেই গাইতে দিন।

গীতটি নিয়ে গান চলাকালীন আপনি এটিকে নাটক আকারে উপস্থাপন করুন।

- ছোটদের জন্য উপস্থাপনের নিমিত্তে আরাধনাকারী নেতাদের সাথে সংক্ষিপ্ত নাটকটি তৈরী করুন।
- ছোটদের নিয়ে আপনার শিক্ষার সময়কে নাটকটি প্রস্তুত করতে ব্যবহার করুন।
- বড় ছেলে মেয়েদেরকে ছোটদের সাহায্য করতে দিন।

- বড় ছেলেমেয়ে অথবা বয়স্ক ব্যক্তিদের এই ভূমিকাগুলিতে অভিনয় করতে দিন :
- মেসপালক। একটি পাত্র। বোতল, টেবিল এবং মেসপালকের যষ্টি প্রস্তুত করুন (নীচের ছবিটি দেখুন। আপনি শাখা বেরিয়ে আছে এমন যে কোনও লাঠি ব্যবহার করতে পারেন।)
- বিবৃতিকার। গল্পটি সংক্ষেপ করবে এবং ছোটরা কখন কি বলবে তা স্মরণ করিয়ে দেবে।
- ছোট বাচ্চাদেরকে শত্রু ও মেসের ভূমিকায় অভিনয় করতে দিন। (হাত ও হাঁটুর উপর ভর দিয়ে হামাগুড়ি দেবে। মাঝে মাঝে নরম সুরে ভ্যাঁ ভ্যাঁ করে ডাকবে।)
- বিবৃতিকার : দুইবার গীতসংহিতা ২৩ মুখস্থ আবৃত্তি বা পাঠ করবে অথবা গাইবে।

বিবৃতিকার : (১ পদ)

মেসপালক : মেসদের চারিদিকে ঘুরে বেড়াবে ও আলতো করে তাদের চাপড়াবে।

ভেড়া : মেসপালকের কাছে কাছে থাকার চেষ্টা করবে এবং তারদিকে তাকিয়ে হাঁসবে, এমন দেখাবে যেন তুমি সুখী।

বিবৃতিকার : (২ পদ)

মেসপালক : পাত্রটি নীচে রাখবে। তারপর মেসদের ওটার দিকে চালনা করবে।

ভেড়া : পাত্র থেকে জল খাবার ভান করবে। তারপর শাস্তভাবে শয়ন করে খাদ্য চিবাবে।

বিবৃতিকার : (৩ পদ)

মেসপালক : মেসদেরকে আপনাকে অনুসরণ করার জন্য হাত দিয়ে ইশারা করবে এবং হাঁটবে।

ভেড়া : মেসরা খুব কাছে থেকে তার পিছনে পিছনে তাকে অনুসরণ করবে।

বিবৃতিকার : (৪ পদ)

শত্রুগণ : চেয়ারের পিছনে লুকিয়ে থাকবে এবং ধনুক দিয়ে তাদেরকে লক্ষ্য করে আক্রমণ করার ভান করবে।

ভেড়া : ভীত হবার ভান করবে। লাঠি ছুড়েবে ও ব্যা ব্যা করে গোল হয়ে দৌড়াবে।

মেসপালক : যষ্টির দ্বারা মেসদেরকে শত্রুর হাত থেকে রক্ষা করবে এবং তাদের শাস্ত করবে। তারপর লাঠি চালনার দ্বারা শত্রুদের তাড়িয়ে দেবে। কাউকে সত্যি আঘাত করবেনা। কেবলমাত্র মারার অভিনয় করবে।

বিবৃতিকার : (৫ পদ)

মেসপালক : মেস পালের পাশে একটি টেবিল রাখবে। তারপর বোতল থেকে তাদের উপর তেল ঢালার অভিনয় করবে।

ভেড়া : তোমাদের মাথার উপরে আস্তে আস্তে এমন ভাবে তুলে ধর যেন কাপ উপচিয়ে পড়ছে।

বিবৃতিকার : (৬ পদ)

মেসপালক : একটি দরজা খুলে ভেড়াদের ভিতরে ঢোকান আহ্বান জানাবার অভিনয় করবে।

ভেড়া : দরজা দিয়ে প্রবেশ করবে। মেসপালকের চারপাশে হাঁটু গেড়ে বসবে এবং ঈশ্বরের প্রশংসার জন্য দু'হাত স্বর্গের দিকে উঠাবে।

বিবৃতিকার : নাটকটিতে যারা সাহায্য করেছে তাদেরকে ধন্যবাদ দেবে।

প্রশ্ন সমূহ : ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে তবে তাদের উপরে দত্ত প্রশ্নগুলিকেও জিজ্ঞাসা করতে দিন। ঈশ্বর কিরূপে তাঁর লোকদের চালনা করেন তার অন্যান্য উদাহরণ সম্পর্কেও আপনি জিজ্ঞাসা করতে পারেন। (প্রাপ্তবয়স্ক এবং ছোটদেরকে উদাহরণ দিতে দিন)

মেঘপালকের যষ্টির একটি ছবি আঁকুন। ছোটদেরকে আরাধনা চলাকালীন প্রাপ্তবয়স্কদের তা দেখিয়ে ব্যাখ্যা করতে দিন যে, আমাদের উত্তম মেঘপালক যীশু কিভাবে সর্বসময় চালনার দ্বারা আমাদেরকে একটি উত্তম জীবনে নিয়ে যান। মেঘপালকের, যষ্টি বর্ণনা করে।



যীশু আমাদের উত্তম মেঘপালক, এই সম্পর্কে বড় ছেলেমেয়েদেরকে কবিতা লিখতে দিন।

কবিতা : গীতসংহীতা ২৩ থেকে পদগুলিকে কিছু ছেলেমেয়েকে আবৃত্তি করতে দিন।

মুখস্থ বড় ছেলেমেয়েদেরকে গীত ২৩ মুখস্থ করতে দিন এবং ছোটদেরকে গীত ২৩ঃ১-২ পদ শিখতে দিন।

প্রার্থনা : “প্রিয় যীশু, তুমি আমাদের সুন্দর মেঘপালক। আমাদের যা প্রয়োজন তা তুমি দিয়ে থাক। যখন আমরা শত্রুদের এবং মৃত্যুর বিপদের সম্মুখীন হই, তখনও আমরা তোমায় ভরসা করি। এমনকি মৃত্যুর মধ্যে দিয়ে স্বর্গে তোমার কাছে অনন্তকাল ধরে থাকার জন্য তুমি আমাদের সান্ত্বনা ও চালনা দান করে থাক। প্রভু যীশু তাড়াতাড়ি এস।”